স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (৫ম ও ৬ষ্ঠ তলা)
সেগুনবাগিচা, ঢাকা ।
www.lrad.gov.bd
হট লাইন নম্বর- ০১৫১১২২০০৫৫

নং ৩২২০/এলএএস-২/নিঃ প্রঃ/২০১২-২০১৬/২০২০ তারিখঃ ১২/১১/২০১৯ খ্রিঃ

সচিব
কারিগরী ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়,
পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।

[দৃঃ আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব ( আইন)]

বিষয়ঃ নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট, নওগাঁ কার্যালয়ের ২০১২-২০১৬ সনের হিসাব নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাবের উপর অডিট অধিদপ্তরের মন্তব্য ।

সূত্রঃ নং- ৫৭.০০.০০০০.১৪২.০১.০৪২.১৮-৯১ তাং- ১৯/০৬/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।
নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট, নওগাঁ কার্যালয়ের ২০১২-২০১৬ সনের হিসাব নিরীক্ষা প্রতিবেদনের উপর ব্রডশীট জবাবের আলোকে এ কার্যালয়ের মন্তব্য নিম্নে দেয়া হলোঃ

| ক্রঃ নং | আর্থিক সন | অনুঃ নং, ধরন ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | নিরীক্ষার মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | ২০১২ - ২০১৬ | ০১ (অগ্রিম) ৪২,০৮,১৩৩/- | সরকারি নির্দেশ উপেক্ষা করে বাৎসরিক ছুটিকালীন সময় শিক্ষক, কর্মকর্তা/ কর্মচারীগণ ২য় শিফটের সম্মানী/ পারিশ্রমিক হিসাবে অতিরিক্ত গ্রহণ/ পরিশোধ করায় আর্থিক ক্ষতি। | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, ঢাকার স্মারক নং ৩২২০/এলএএস-২/নিঃ প্রঃ/২০১২-২০১৬/১৭৩৩(২), তারিখঃ ২০/০১/১৯ এর প্রদত্ত নিরীক্ষা মন্তব্যের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে- কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা এর ২৮/০১/৯৭ তারিখে জারীকৃত পৃষ্ঠাংকন পত্রের অনুঃ ৩-২৭ এর উপর অনুচ্ছেদ (ঘ) উল্লেখ করে উত্থাপিত আপত্তিটি সঠিক | DTE এর সুপারিশের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো। | সম্মানীর সাথে সম্পর্কিত আপত্তিতে উল্লিখিত ছুটি ইনস্টিটিউটের বর্ষপঞ্জী ঘোষিত ছুটি। বর্ষপঞ্জীতে ঘোষিত ছুটির সময় ২য় শিফটের সম্মানী বা ভাতা সংক্রান্ত প্রমাণক সংযুক্ত থাকায় আপত্তিটি নিষ্পত্তি করা হলো। |

১২০

| ক্রঃ নং | আর্থিক সন | অনুঃ নং, ধরন ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | নিরীক্ষার মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | নয় কারণঃ- ১। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত উক্ত পৃষ্ঠাংকন অনুচ্ছেদের ঙ তে উল্লেখ আছে "কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বর্ষপঞ্জি বা টেক্সটাইল/লেদার কলেজের ক্ষেত্রে তাহাদের অনুমোদিত বর্ষপঞ্জিতে উল্লেখিত ছুটি ব্যতীত অন্য কোন অনিবার্য কারণে ইনস্টিটিউট বন্ধ থাকলে ঐ বন্ধের সময়ের সম্মানী প্রদান করা যাবে না"। অর্থাৎ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বর্ষপঞ্জীতে উল্লেখিত ছুটিতে ২য় শিফটের সম্মানী/ভাতা পাওয়া যাইবে। এখানে উল্লেখ্য যে, প্রতিষ্ঠান নিরীক্ষাকালীন কর্মকর্তা-কর্মচারীবৃন্দ বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত বর্ষপঞ্জির উপর ভিত্তি করে বর্ষপঞ্জীতে উল্লেখিত ছুটির সময় ২য় শিফটের সম্মানী গ্রহণের ব্যাপারে আপত্তি দিয়েছে। | | |

| ক্রঃ নং | আর্থিক সন | অনুঃ নং, ধরন ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | নিরীক্ষার মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | যেখানে বর্ষপঞ্জীতে উল্লেখিত ঘোষিত ছুটি, ঈদুল ফিতর ও ঈদুল আযহার ছুটি ইত্যাদি রয়েছে। অতএব কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা এর ২৮/০১/৯৭ তারিখে জারীকৃত পৃষ্ঠাংকন পত্রের অনু: ৩-২৭ এর উপর অনুচ্ছেদ ঙ এর নির্দেশনা অমান্য করে প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা-কর্মচারীকে ২য় শিফটের ভাতা প্রদান করা হয়নি। | | |
| ২. | ২০১২ - ২০১৬ | ০২ (অগ্রিম) ১১,৫৭,৭৩০/- | ২য় শিফটের জন্য কর্মকর্তা কর্মচারীগণের সম্মানী/পারিশ্রমিকের উপর বিধি অনুযায়ী ১০% হারে উৎসে আয়কর বাবদ টাকা কর্তন করা হয় নাই। | স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, ঢাকার স্মারক নং ৩২২০/এলএএস-২/নিঃ প্রঃ/২০১২-২০১৬/১৭৩৩(২), তারিখঃ ২০/০১/১৯ এর প্রদত্ত নিরীক্ষা মন্তব্যের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে -১। অর্থ মন্ত্রণালয়,অর্থ বিভাগ, প্রবিধি অনু বিভাগ প্রবিধি-২, অধিশাখা, তারিখ-১২/০৬/১৩ খ্রিঃ স্মারক নং-০৭.০০.০০০০.১৭২.৩২.০২১.১৩-১৩৯ আদেশটি দ্বিতীয় শিফটে নিয়োজিত শিক্ষক কর্মকর্তা এবং কর্মচারীদের | DTE এর সুপারিশের আলোকে আপত্তিটি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হলো। | আয়কর অধ্যাদেশ ৮৪ এর ৫২ AA ধারা মোতাবেক ২০১২-১৩,২০১৩-১৪ ও ২০১৪-১৫ অর্থবছরের জন্য সম্মানীর উপর আয়কর প্রযোজ্য নয়। তবে ২০১৫-২০১৬ বছরের ৫২ AA ধারায় মিটিং ফিস, ট্রেনিং ফিস এবং সম্মানীর উপর ১০% আয়কর কর্তনের কথা উল্লেখ আছে ফলে ২০১৫-২০১৬ অর্থবছরের জুলাই/১৫ হতে জুন/১৬ পর্যন্ত সময়ে সম্মানী/পারিশ্রমিক বাবদ কত টাকা পরিশোধ করা হয়েছে তার বিস্তারিত বিবরণসহ |

| ক্রঃ নং | আর্থিক সন | অনুঃ নং, ধরন ও টাকার পরিমাণ | আপত্তির শিরোনাম | নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব | মন্ত্রণালয়ের সুপারিশ | নিরীক্ষার মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | সম্মানী ভাতা ৩০% থেকে ৫০% বৃদ্ধি সংক্রান্ত। ইহা শিক্ষক কর্মকর্তা এবং কর্মচারীদের মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস ব্যতিত অতিরিক্ত একটি আর্থিক সুবিধা ও ভাতা যা এস, আর, ও নং ১৯৮-আইন/আয়কর/২০১৫।- Income tax Ordinance, 1984 (Ordinance No.XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুলাই, ২০১১ খ্রি: তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ২২৮-আইন-আয়কর/২০১১ রহিতক্রমে, সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের সরকার কর্তৃক প্রদত্ত মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস ব্যতীত সকল প্রকার ভাতা ও সুবিধাকে এতদ্বারা প্রদেয় আয়কর হইতে | | পুনঃজবাব প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। |

| নং | সন | ও টাকার পরিমাণ | শিরোনাম | | সুপারিশ | |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | অব্যাহতি প্রদান করা হয়েছে। ২। আপীলাত যুগ্ম কমিশনার, আপীলাত রেঞ্জ-২, বগুড়া আদেশের তারিখ ০৯/০৫/১৮ এর পাতা নং-২ এ বর্ণিত কর বৎসর ২০১৬-১৭ এর আপীলের ২য় আপত্তির শিরোনাম, পর্যালোচনা ও সিদ্ধান্ত দেখিতে সদয় মর্জি হয়। | | |

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে।

(নাজনীন নাহার খান)
উপপরিচালক
এলএএস সেক্টর
ফোনঃ ৮৩৯১০৩৯

নং ৩২২০/এলএএস-২/নিঃ প্রঃ/২০১২-১৬/ তারিখঃ /১১/২০১৯ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো । (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। অধ্যক্ষ, নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট, নওগাঁ।
৩। অফিস কপি।

অডিট এন্ড একাউন্টস অফিসার
এল এ এস ০২ শাখা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা

স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৪২.১৮-২২০ তারিখ : ১০ অগ্রহায়ণ ১৪২৬ ব.
২৫ নভেম্বর, ২০১৯ খ্রি.

**উপরিউক্ত নির্দেশনা (প্রযোজ্য ক্ষেত্রে ৭ নং কলামে বর্ণিত মন্তব্য/নির্দেশনা) অনুযায়ী ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ১২.১২.২০১৯ খ্রি: তারিখের মধ্যে পুনরায় ব্রডশীট জবাব (প্রমাণকসহ) টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।**

(নূরজাহান বেগম)
সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন নং-৯৫৭৫২৭২

অধ্যক্ষ,
নওগাঁ পলিটেকনিক ইনস্টিটিউট
নওগাঁ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৪. সিষ্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭-৮. অফিস কপি/ মাষ্টার কপি।